# ইসরায়েলে ব্যাপক ক্ষেপণাস্ত্র হামলা শুরু করেছে ইরান



সংগৃহীত ছবি

তেহরানসহ একাধিক শহরে হামলার ঘটনার পর পাল্টা প্রতিক্রিয়ায় ইসরায়েল অভিমুখে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে ইরান। বিষয়টি নিশ্চিত করে ইসরায়েল জানিয়েছে, তাদের প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় হয়ে এসব হামলা মোকাবিলা করেছে।

এক বিবৃতিতে Israel Defense Forces (আইডিএফ) জানায়, ইসরায়েলের ভূখণ্ড লক্ষ্য করে ইরানের দিক থেকে আসা কয়েকটি ক্ষেপণাস্ত্র শনাক্ত করা হয়েছে। হামলার সতর্কতায় দেশের বিভিন্ন এলাকায় সাইরেন বাজানো হয় এবং বাসিন্দাদের নিরাপত্তা নির্দেশনা মেনে চলার আহ্বান জানানো হয়।

আইডিএফ আরও জানায়, পরিস্থিতি মোকাবিলায় ইসরায়েলি বিমান বাহিনী সক্রিয় রয়েছে। প্রয়োজন হলে পাল্টা আঘাত হানাসহ সম্ভাব্য হুমকি নিষ্ক্রিয় করতে তারা প্রস্তুত।

একই সঙ্গে সতর্ক করে বলা হয়েছে, প্রতিরক্ষা ব্যবস্থা শতভাগ অপ্রবেশযোগ্য নয়। তাই নাগরিকদের নিরাপত্তা নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার অনুরোধ পুনর্ব্যক্ত করা হয়েছে।

LENS ASIA